৩৭ দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 21 FEB 1989
পৃষ্ঠা 5 কলাম 7

40

## জনমত

### ফার্মগেটের কাছে ছাত্রছাত্রীদের পারাপার সমস্যা

ফার্মগেট এলাকায় এয়ারপোর্ট সড়ক ও তার পূর্বদিকের সড়কের (কারওয়ান বাজার ও তেজগাঁও শিল্প এলাকা অভিমুখী) পূর্ব প্রান্তে তিনটি বালিকা বিদ্যালয় হলিক্রস, বটমলী ও গীর্জা স্কুল অবস্থিত। এই তিনটি বিদ্যালয়ে শহরের নানা স্থান থেকে বহু ছাত্র ছাত্রী আসে। যারা দূর থেকে আসে তাদের বেশির ভাগই কোন না কোন/যানবাহনের মাধ্যমে যাতায়াত করে। আর যারা কাছে থেকে আসে তাদের বেশির ভাগই পায়ে হেঁটে আসে। এবং এর বেশির ভাগ ছাত্রছাত্রীই ফার্মগেটের পশ্চিম প্রান্ত থেকে যাতায়াত করে। এদের সংখ্যাও প্রচুর। এই সব শিশু ছাত্র ছাত্রীরা প্রতিদিন যখন ফার্মগেট এলাকা অতিক্রম করে সময়মত বিদ্যালয়ে যাওয়ার জন্য ছোটাছুটি করে ঠিক সেই সময়ে অফিস কাছারী এবং নানা প্রকার কর্মস্থলে যাওয়ার উদ্দেশ্যে নানাবিধ যানবাহনের এক ভীষণ প্রতিযোগিতার সৃষ্টি হয়। ফলে যে ছাত্রছাত্রীরা ঐ এলাকা অতিক্রম করার চেষ্টা করে তারা প্রায় প্রতিদিনই তাদের জীবনটাকে হাতে নিয়েই রাস্তা পার হয়। ফার্মগেটের বড় পুলটি অতিক্রম করার পরই পূর্ব প্রান্তের সড়কটাতে সকল বাস, টেম্পো, স্কুটার, রিকশা ও প্রাইভেট কারের যে জটের সৃষ্টি হয় সেটা অতিক্রম করা যে কি দুরূহ ব্যাপার চোখে না দেখলে সেটা অনুমান করা সম্ভব নয়।

পৃথিবীর বহুদেশে ছোট ছোট স্কুল ছাত্রছাত্রীদের সড়ক অতিক্রম করে স্কুলে যাওয়ার জন্য বিশেষ বিশেষ ব্যবস্থা করা হয়ে থাকে। কোন কোন ক্ষেত্রে আরসিসি বা কাঠেরপুল নির্মাণ করা হয়ে থাকে এবং কোন কোন ক্ষেত্রে বিশেষ ট্রাফিক পুলিশ ঐ সময়টাতে মোতায়েন করা হয়ে থাকে যাতে করে গাড়ি থামিয়ে ছাত্রছাত্রীদেরকে নিরাপদে সড়ক অতিক্রম করার ব্যবস্থা করিয়ে দেয়া যায়।

কিন্তু দুঃখের বিষয় এহেন যানজটের মধ্যে দিয়ে বিদ্যালয়ের ছাত্রছাত্রীদেরকে সম্পূর্ণ নিজের প্রচেষ্টায় ধাক্কা-ধাক্কি করে সড়ক অতিক্রম করতে হয়। এতে ছোট খাট আঘাত প্রায় প্রতিদিনই ছাত্র-ছাত্রীদের কিছু কিছু পেতে হয়।

সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে আমাদের বিশেষ অনুরোধ তাঁরা যেন ফার্মগেটের ওভার ব্রীজের পূর্ব পার্শ্বের যানবহুল সড়কের উপরে একটি পুল নির্মাণের ব্যবস্থা করেন। এতে ছাত্রছাত্রীদের চলাচল নিরাপদ হবে।

সৈয়দ রশিদুন নবী
৬৬/ডি পশ্চিম রাজাবাজার
(ইন্দিরা রোড),
তেজগাঁও, ঢাকা-১২১৫।